



স্মারক নং-পাউবো/(সচি)প্রশাসন-২/১ম-১৮/৮২(৭ম খন্ড)/৮৮

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

“দপ্তরাদেশ”

দেশের উত্তরাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলসহ যে সব জেলায় নদীর পানি বৃদ্ধির কারণে বন্যা পরিস্থিতি বিরাজ করছে সে সব জেলায় পানি উন্নয়ন বোর্ডের বাঁধ ভেঙ্গে জানমাল, ফসল, সেচ খালের ডাইক স্ত্রীকচাচর এবং অন্যান্য অবকাঠামোসহ জন-গুরুত্বপূর্ণ স্থাপনার ক্ষতি হতে পারে কিংবা বন্যা পরবর্তী সময়ে জরুরী সার্ভিস পুনঃপ্রতিষ্ঠার প্রয়োজন হতে পারে। বন্যাজনিত এরূপ পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তরসহ সংশ্লিষ্ট অঞ্চলের মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে পরিস্থিতি মোকাবেলা করতে হবে। বন্যাজনিত কারণে সম্ভাব্য বিপর্যয় হতে রক্ষায় তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের স্বার্থে বাপাউবোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে স্ব-স্ব কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের বন্যাজনিত সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে সদর দপ্তর ত্যাগ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো। তাছাড়া মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ স্থানীয় জেলা প্রশাসকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে আনুসঙ্গিক ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো।

অতি প্রয়োজনে শাখা কর্মকর্তা থেকে প্রধান প্রকৌশলী পর্যন্ত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক এর অনুমোদনক্রমে সদর দপ্তর ত্যাগ করতে হবে। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই আদেশ জারী করা হলো।

(মো: মুজিবুর রহমান)

সচিব

বাপাউবো, ঢাকা।

পরিচিতি নং-৬৩০৪০১০০১

টেলিফোন ৯৫৫৫১৩৩

স্মারক নং-পাউবো/(সচি)প্রশাসন-২/১ম-১৮/৮২(৭ম খন্ড)/৮৮(৩)

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি জন্য :

- মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(সৈয়দ মাহবুবুল হক)

উপ-সচিব (প্রশাসন)

পরিচিতি নম্বর-৬৭০৪০৩০০২

স্মারক নং-পাউবো/(সচি)প্রশাসন-২/১ম-১৮/৮২(৭ম খন্ড)/৮৮(৫০)

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা) (সকল)
- চীফ মনিটরিং/চীফ প্লানিং, বাপাউবো, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/প্রকল্প পরিচালক (সকল)
- চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী (সকল)
- সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিচালনা)/সচিব, বাপাউবো, ঢাকা।
- অফিস কপি/মাষ্টার কপি।

(সৈয়দ মাহবুবুল হক)

উপ-সচিব (প্রশাসন)